   - Extremely prolonged clotting times
   - Critically high INR levels
5. **Blood Gas Analysis**
   - Severe acidosis or alkalosis
   - Critically low oxygen levels

Laboratories establish their own critical value lists based on clinical significance and institutional requirements. The list may differ between pediatric hospitals, oncology centers, emergency departments, and general hospitals because patient needs vary in different clinical settings.

Importance

Critical values are important in healthcare because they help identify life-threatening conditions that require immediate medical attention. Rapid reporting of critical laboratory results improves patient safety, supports quick clinical decision-making, and allows timely treatment of serious conditions such as cardiac arrest, severe infections, and respiratory failure. Critical value reporting also improves communication between laboratory professionals and clinicians, reduces morbidity and mortality, and enhances the overall quality of healthcare services. In addition, it strengthens the role of laboratory medicine as an essential part of patient care and clinical management.

Critical Value Management

Critical value management refers to the systematic process used by laboratories to identify, verify, communicate, document, and monitor critical laboratory results. Effective management ensures that critical results are reported accurately and without delay.

Components of Critical Value Management

1. **Identification of Critical Values**

   When a laboratory analyzer generates a result outside the established critical range, the laboratory information system automatically flags the result. Laboratory personnel must recognize and prioritize such results immediately.

2. **Verification of Results**

   Before reporting a critical value, the laboratory technologist must verify the accuracy of the result. Verification may include:

   - Checking sample integrity
   - Reviewing patient history
   - Repeating the test if necessary
   - Confirming instrument performance
   - Examining quality control data

This step is important because incorrect reporting can lead to inappropriate treatment.

3. **Communication of Critical Values**

   After verification, the result must be communicated immediately to the responsible healthcare provider. Communication methods include:

   - Telephone calls
   - Electronic alerts
   - Text messages

- Hospital information systems
- Pager systems

The person receiving the information should repeat the result back to the laboratory staff to ensure accuracy. This process is known as "read-back verification."

4. **Documentation**

   Proper documentation is essential in critical value management. The laboratory should record:

   - Patient identification
   - Test result
   - Date and time of reporting
   - Name of laboratory staff
   - Name of person receiving the report
   - Method of communication

   Documentation provides legal protection and supports quality assurance activities.

5. **Monitoring and Quality Improvement**

   Laboratories regularly review critical value reporting performance to identify delays or communication failures. Quality indicators may include:

   - Turnaround time
   - Notification success rate
   - Documentation completeness
   - Staff compliance

   Continuous monitoring helps improve efficiency and patient safety.

Critical Value Escalation Procedure

Critical value escalation procedures are systematic protocols followed when the responsible healthcare provider cannot be reached promptly or fails to respond appropriately. Escalation ensures that critical results are communicated to someone capable of taking immediate action.

Purpose of Escalation Procedures

The main objectives are:

- Prevent delays in patient treatment
- Ensure accountability
- Improve patient safety
- Establish clear communication pathways

Without escalation procedures, critical information may remain unaddressed, placing patients at serious risk.

Steps in Critical Value Escalation Procedure

Step 1: Initial Notification Attempt

The laboratory technologist first contacts the responsible physician, nurse, or clinician directly using approved communication methods. The result is communicated clearly, and read-back confirmation is obtained.

Step 2: Second Notification Attempt

If the first attempt fails, the laboratory staff retries communication after a specified period, usually within 10–15 minutes.

Step 3: Escalation to Alternative Healthcare Provider

If the primary physician remains unavailable, the result is escalated to:

- On-duty physician
- Senior nurse
- Department supervisor
- Emergency response team

Step 4: Notification of Higher Authority

If no responsible person can be contacted, the laboratory informs higher authorities such as:

- Medical director
- Hospital administrator
- Clinical consultant

Step 5: Documentation of Escalation Process

Every communication attempt and escalation step must be documented accurately, including:

- Time of calls
- Names contacted
- Responses received
- Final action taken

Challenges in Critical Value Management

Critical value management faces several challenges, including communication delays, human errors, inconsistent reporting policies, technological limitations, and staff shortages. Delays in reporting or mistakes in documentation and interpretation can negatively affect patient safety and treatment outcomes. Lack of standardized protocols and limited automated systems may also reduce reporting efficiency. To overcome these challenges, healthcare institutions should implement standardized procedures, provide staff training, and use advanced communication and laboratory information systems.

Role of Technology in Critical Value Reporting

Technology has greatly improved critical value reporting in healthcare. Laboratory Information Systems (LIS) and Electronic Medical Records (EMR) help identify and communicate critical results quickly and accurately. Automated alert systems, such as SMS and electronic notifications, reduce communication delays and improve patient safety. In addition, artificial intelligence and automation enhance workflow efficiency, reduce human errors, and support faster clinical decision-making. Overall, technology increases the speed, accuracy, and reliability of critical value management.

Ethical and Legal Considerations

Critical value reporting involves important ethical and legal responsibilities for laboratory professionals and healthcare institutions. Ethically, laboratory personnel have a duty to ensure patient safety by reporting life-threatening laboratory results promptly and accurately. They must also maintain patient confidentiality, communicate clearly with healthcare providers, and avoid unnecessary delays that could harm patients.

In addition to ethical responsibilities, laboratories also face legal obligations related to critical value reporting. Failure to communicate critical laboratory results in a timely manner may lead to serious consequences, including medical negligence claims, legal liability, accreditation problems, and professional disciplinary actions. Delayed or inaccurate reporting can negatively affect patient outcomes and expose healthcare institutions to legal risks.

Therefore, laboratories must strictly follow institutional policies, professional guidelines, and regulatory standards to ensure proper critical value management. Compliance with these standards helps protect patient safety, maintain professional integrity, and reduce legal and ethical risks in healthcare practice.

Conclusion

Critical values are among the most important aspects of medical laboratory practice because they identify life-threatening conditions requiring urgent medical attention. Since the concept was first introduced by George D. Lundberg, critical value reporting has become an essential standard in healthcare systems worldwide.

Critical values improve patient safety, support rapid clinical decision-making, and enhance communication between laboratory professionals and clinicians. Effective critical value management involves accurate identification, verification, prompt communication, documentation, and continuous quality monitoring.

The critical value escalation procedure is equally important because it ensures that urgent information reaches responsible healthcare providers without delay. Escalation protocols prevent communication failures and reduce risks to patient safety.

Advances in technology, automation, and laboratory information systems have significantly improved the efficiency of critical value reporting. However, healthcare institutions must continue strengthening policies, staff training, and quality assurance programs to overcome ongoing challenges.

In conclusion, critical value management is not only a laboratory responsibility but also a key component of patient-centered healthcare. Proper handling of critical laboratory results saves lives, improves clinical outcomes, and contributes to the overall quality and safety of healthcare services.

মোঃ তৌহিদুর রহমান
উপপরিচালক, বিএবি

জাতীয় মান অবকাঠামো শক্তিশালীকরণে এ্যাক্রেডিটেড ক্যালিব্রেশন ল্যাবরেটরির গুরুত্ব

আমরা এমন এক হাইপার-কানেক্টেড এবং প্রযুক্তিনির্ভর বিশ্বে বসবাস করছি, যেখানে প্রতিদিনের অসংখ্য জীবনমুখী ও বাণিজ্যিক সিদ্ধান্ত নির্ভর করছে পরিমাপের (Measurement) নিখুঁত পরিমাপের ওপর। হাসপাতালের আইসিইউতে থাকা রোগীর লাইফ সাপোর্ট, একটি শিশুর জীবনরক্ষাকারী অ্যান্টিবায়োটিকের সঠিক ডোজ, উড্ডয়নরত বিমানের এভিওনিক্স নিরাপত্তা, বাণিজ্যিক বাজারের ডিজিটাল ওজন ব্যবস্থা, কিংবা আমাদের ঘরের বিদ্যুৎ ও গ্যাস বিল- সবকিছুর পেছনেই কাজ করছে একটি অদৃশ্য অথচ অতিগুরুত্বপূর্ণ নিয়ামক: নির্ভরযোগ্য ও সুনির্দিষ্ট পরিমাপ ব্যবস্থা (Metrology)।

কিন্তু এখানে একটি মৌলিক ও কৌশলগত প্রশ্ন উঠে আসে-আমরা কীভাবে নিশ্চিত হবো যে এই পরিমাপগুলো আসলেই সঠিক ও নির্ভরযোগ্য? এই প্রশ্নের সুনির্দিষ্ট উত্তর নিহিত রয়েছে একটি দেশের সুসংগঠিত এ্যাক্রেডিটেশন (Accreditation) এবং ক্যালিব্রেশন (Calibration) কাঠামোর মধ্যে।

প্রতি বছর ৯ জুন বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবস বিশ্বব্যাপী উদ্‌যাপিত হয়, যার মূল লক্ষ্য হলো একটি দেশের জাতীয় মান অবকাঠামো (National Quality Infrastructure - NQI) উন্নয়নে এ্যাক্রেডিটেশনের অপরিহার্য ভুমিকা তুলে ধরা। এই আন্তর্জাতিক দিবসটি আমাদের স্মরণ করিয়ে দেয় শিল্পের সক্ষমতা, জননিরাপত্তা এবং আন্তর্জাতিক বাণিজ্যের মূল ভিত্তিটি তৈরি হয় বৈশ্বিক মানদন্ডে স্বীকৃত কারিগরি যোগ্যতা, নিরপেক্ষতা এবং সুনির্দিষ্ট পরিমাপের হাত ধরে।

বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে, স্বল্পোন্নত দেশ (LDC) থেকে উত্তরণ, দ্রুত শিল্পায়ন, রপ্তানি বহুমুখীকরণ, স্বাস্থ্যসেবার আধুনিকায়ন এবং ভোক্তা অধিকার সুরক্ষায় একটি আন্তর্জাতিক মানসম্পন্ন ও এ্যাক্রেডিটেড Conformity Assessment System গড়ে তোলা এখন আর বিলাসিতা নয়, বরং সময়ের দাবি। বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি), 'বাংলাদেশ এ্যাক্রেডিটেশন আইন, ২০০৬' এর অধীনে প্রতিষ্ঠিত একমাত্র সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে দেশের জাতীয় মান অবকাঠামো সুদৃঢ়করণে এক অনন্য ও অপরিহার্য ভূমিকা পালন করে আসছে।

১. এ্যাক্রেডিটেশন কী এবং কেন এটি অপরিহার্য?

সহজ ও প্রাতিষ্ঠানিক ভাষায়, এ্যাক্রেডিটেশন হলো একটি স্বাধীন ও স্বায়ত্তশাসিত তৃতীয় পক্ষ কর্তৃক প্রদত্ত আনুষ্ঠানিক স্বীকৃতি, যা নিশ্চিত করে যে কোনো একটি নির্দিষ্ট ল্যাবরেটরি, পরিদর্শন সংস্থা অথবা সার্টিফিকেশন সংস্থা আন্তর্জাতিক মানদন্ড (যেমন: ISO/IEC 17025, ISO/IEC 17020 ইত্যাদি) কঠোরভাবে অনুসরণ করে কাজ করার পূর্ণ কারিগরি সক্ষমতা ও যোগ্যতা রাখে। এ্যাক্রেডিটেশন কোনো সাধারণ কাগজের সার্টিফিকেট নয়; এটি হলো কোনো প্রতিষ্ঠানের কারিগরি সক্ষমতার সর্বোচ্চ আন্তর্জাতিক সিলমোহর।

বাংলাদেশে এই মহতী ও নিয়ন্ত্রক দায়িত্বটি অত্যন্ত নিষ্ঠার সাথে পালন করছে বিএবি। আন্তর্জাতিক মানদন্ড (ISO/IEC 17011) অনুযায়ী বিএবি দেশীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য ক্যালিব্রেশন, টেস্টিং, ইন্সপেকশন ও সার্টিফিকেশন সংস্থাগুলোকে এ্যাক্রেডিটেশন প্রদান করে আসছে, যা বিশ্ব বাণিজ্যে আমাদের দেশের পণ্য ও সেবার গ্রহণযোগ্যতা ও আস্থা বৃদ্ধি করে।

২. ক্যালিব্রেশন: নির্ভুলতার অদৃশ্য ভিত্তি

ক্যালিব্রেশন হলো একটি বৈজ্ঞানিক প্রক্রিয়া, যার মাধ্যমে কোনো একটি পরিমাপক যন্ত্রের (Measuring Instrument) পরিমাপকৃত ফলাফলকে একটি সুনির্দিষ্ট ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত উচ্চতর রেফারেন্স স্ট্যান্ডার্ডের (Reference Standard) সাথে তুলনা করে যন্ত্রটির নিখুঁততা ও ত্রুটির পরিমাণ যাচাই এবং সমন্বয় করা হয়।

শিল্প ও মানবজীবনে ব্যবহৃত প্রতিটি যন্ত্রেরই সময়ের সাথে সাথে বিচ্যুতি (Drift) ঘটে। যেমন:

- হাসপাতালের ইনকিউবেটর ও ডিজিটাল থার্মোমিটার
- ভারী শিল্পের হাই-প্রেসার গেজ এবং সেফটি ভালভ
- পেট্রোল পাম্পের ফুয়েল ডিসপেনসার
- বাণিজ্যিক লজিস্টিকসের ওয়েইং স্কেল ও এনালিটিক্যাল ব্যালেন্স
- খাদ্য ও ফার্মাসিউটিক্যালস কারখানার আরটিডি ও টেম্পারেচার সেন্সর

এসব যন্ত্র যদি নিয়মিত বিরতিতে সঠিক নিয়মে ক্যালিব্রেশন করা না হয়, তবে ডিসপ্লের রিডিং এবং বাস্তবতার মধ্যে একটি বড় ধরনের অমিল তৈরি হয়। এই সূক্ষ্ম অমিলই পরবর্তীতে রূপ নেয় বড় ধরনের দুর্যোগে; যার মাশুল দিতে হয় ভুল চিকিৎসায়, শিল্প কারখানার বয়লার বিস্ফোরণে, কিংবা আন্তর্জাতিক বাজারে রপ্তানি চালানের প্রত্যাহারে।

৩. Traceability: ক্যালিব্রেশনের মূল চালিকাশক্তি

ক্যালিব্রেশন বিজ্ঞানের হৃৎপিন্ড হলো মেট্রোলজিক্যাল ট্রেসেবিলিটি (Metrological Traceability)। ট্রেসেবিলিটি বলতে বোঝায়- কোনো একটি পরিমাপের ফলাফল যেন একটি অবিচ্ছিন্ন এবং ডকুমেন্টেড তুলনা-শৃঙ্খলের (Unbroken Chain of Comparisons) মাধ্যমে সরাসরি আন্তর্জাতিক পরিমাপ একক বা SI Unit পর্যন্ত সংযুক্ত থাকে।

এই বৈশ্বিক মেজারমেন্ট পিরামিডটি মূলত নিম্নোক্ত চেইনে কাজ করে:



সতর্কবার্তা: এই চেইনের যেকোনো একটি লিংক বা সংযোগ যদি দুর্বল বা বিচ্ছিন্ন থাকে, তবে সম্পূর্ণ পরিমাপ ব্যবস্থার আইনি ও আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যায়। একটি ক্যালিব্রেশন সার্টিফিকেট চমৎকার গ্রাফিক্স দিয়ে সাজালেই হবে না-তার পেছনে এই ট্রেসেবিলিটির অকাট্য বৈজ্ঞানিক প্রমাণ থাকতে হবে।

৪. বাংলাদেশ প্রেক্ষাপটে ক্যালিব্রেশনের অর্থনৈতিক গুরুত্ব

বাংলাদেশ আজ বিশ্বমঞ্চে একটি দ্রুত বর্ধনশীল এবং উদীয়মান অর্থনৈতিক পরাশক্তি। আমাদের জিডিপি এর মূল স্তম্ভগুলো সরাসরি পরিমাপের নিখুঁততার সাথে যুক্ত:

তৈরি পোশাক শিল্প (RMG): ডাইং ল্যাবে কাপড়ের কালার শেড, ফেব্রিক শ্রিঙ্কেজ বা জিএসএম পরিমাপে সামান্য ভুল হলে কোটি টাকার এক্সপোর্ট শিপমেন্ট বায়ার দ্বারা বাতিল হতে পারে।

- ওষুধ শিল্প (Pharmaceuticals): আন্তর্জাতিক মানের ওষুধ উৎপাদনে ফর্মুলেশনের সময় উপাদানগুলোর ওজন মিলিগ্রামের ক্ষুদ্রতম অংশে নিখুঁত হতে হয়। এখানে পরিমাপের সামান্য ত্রুটি ওষুধের কার্যকারিতা নষ্ট করতে পারে, এমনকি ড্রাগ টক্সিসিটি তৈরি করে রোগীর জীবন প্রদীপ নিভিয়ে দিতে পারে।
- খাদ্য প্রক্রিয়াজাতকরণ (Food Processing): পাস্তুরাইজেশন বা ফ্রোজেন ফুড সংরক্ষণে টেম্পারেচার কন্ট্রোল ভুল হলে তা ব্যাকটেরিয়াল ইনফেকশন ও ফুড পয়জনিং-এর কারণ হয়।

অতএব, ক্যালিব্রেশন কেবল একটি ল্যাবরেটরির ভেতরকার কারিগরি বিষয় নয়; এটি আমাদের জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বৈশ্বিক ব্র্যান্ড ইমেজ ধরে রাখার মূল চাবিকাঠি।

৫. Paper Calibration Culture: এক নীরব এবং ধ্বংসাত্মক সংকট

বর্তমান প্রতিযোগিতামূলক ও বাণিজ্যিক বাজারে ক্যালিব্রেশন সেক্টর একটি বড় ধরনের নৈতিক ও কাঠামোগত সংকটের মুখোমুখি, যাকে বলা যায় "Price Over Quality Syndrome"।

দুর্ভাগ্যবশত, অনেক প্রতিষ্ঠানের কাছে ক্যালিব্রেশন কোনো কারিগরি বাধ্যবাধকতা বা কোয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যম নয়, বরং তারা এটিকে মনে করে কেবলই একটি "Audit Document Requirement"। অডিটরকে দেখানোর জন্য একটি কাগজ দরকার-ব্যস! এই সংকীর্ণ মানসিকতা থেকেই জন্ম নিয়েছে একটি ভয়ঙ্কর প্রাতিষ্ঠানিক ব্যাধি: "Paper Calibration Culture"।

এই ছদ্মবেশী সংস্কৃতি বৈধ ও সৎ ল্যাবরেটরিগুলোর অস্তিত্বকে হুমকির মুখে ফেলছে। কারণ একটি প্রকৃত কমপ্লায়েন্স ল্যাবকে আন্তর্জাতিক মান ধরে রাখতে হাই-এন্ড রেফারেন্স স্ট্যান্ডার্ড আমদানি, দক্ষ ম্যানপাওয়ার, সার্বক্ষণিক এয়ার-কন্ডিশনড এনভায়রনমেন্টাল কন্ট্রোল, প্রফিসিয়েন্সি টেস্টিং (চঞ) এবং নিয়মিত অডিটের পেছনে বিপুল অর্থ বিনিয়োগ করতে হয়। অন্যদিকে, একটি অনৈতিক "কাগজে ল্যাব" শুধুমাত্র একটি প্যাড এবং প্রিন্টারের মাধ্যমে সস্তায় সার্টিফিকেট অফার করে বাজার নষ্ট করছে।



৬. কীভাবে একটি উপযুক্ত এবং নির্ভরযোগ্য ল্যাবরেটরি নির্বাচন করবেন?

একটি ক্যালিব্রেশন পার্টনার নির্বাচন করা শুধুমাত্র কোনো সস্তা ভেন্ডর খোঁজার প্রক্রিয়া নয়; এটি আপনার প্রতিষ্ঠানের রিস্ক ম্যানেজমেন্ট (Risk Management) এবং দীর্ঘমেয়াদী স্থায়িত্বের স্ট্র্যাটেজিক সিদ্ধান্ত। ল্যাব নির্বাচনের ক্ষেত্রে কেবল মূল্যের তুলনা (Quotation Comparison) না করে, নিম্নোক্ত টেকনিক্যাল চেকলিস্টটি কঠোরভাবে অনুসরণ করা উচিত:

৬.১ Accreditation Status I Scope যাচাই (সবচেয়ে বেশি উপেক্ষিত বিষয়)

কোনো ল্যাবের দেয়ালে এ্যাক্রেডিটেশন সার্টিফিকেট ঝুলছে দেখেই সিদ্ধান্ত নেবেন না। আপনাকে তাদের "Scope of Accreditation" এনেক্সচারটি পুঙ্খানুপুঙ্খভাবে দেখতে হবে।

বাস্তব উদাহরণ: একটি ল্যাব তাপমাত্রা ক্যালিব্রেশনের জন্য BAB বা অন্য কোনো বডি থেকে অ্যাক্রেডিটেড। কিন্তু তাদের অনুমোদিত স্কোপ বা রেঞ্জ হলো ০-১০০°C। এখন আপনার কারখানার ওভেন বা ফার্নেসের তাপমাত্রা যদি হয় ৮০০°C, তবে ওই ল্যাব দিয়ে সেই সেন্সর ক্যালিব্রেশন করালে তা সম্পূর্ণ "Out-of-Scope" বা নন-এ্যাক্রেডিটেড হিসেবে গণ্য হবে। অডিটে এটি বড় ধরনের নন-কমপ্লায়েন্স (NC) হিসেবে চিহ্নিত হবে।

৬.২ Traceability Ges Master Equipment ভেরিফিকেশন

ল্যাবরেটরিটিকে সরাসরি প্রশ্ন করুন এবং ডকুমেন্টেশন চান:

- আপনার যন্ত্রটি ক্যালিব্রেট করতে তারা যে মাস্টার ইকুইপমেন্ট ব্যবহার করবে, সেটি কি নিয়মিত কোনো জাতীয় মেট্রোলজি ইনস্টিটিউট (NMI) বা উচ্চতর অ্যাক্রেডিটেড ল্যাব থেকে ক্যালিব্রেট করা?
- তাদের ট্রেসেবিলিটি সার্টিফিকেটগুলো কি হালনাগাদ (Valid)?

৬.৩ Measurement Uncertainty-এর বাস্তবতা

একটি সফল ক্যালিব্রেশনের অন্যতম পরিমাপক হলো তার CMC (Calibration and Measurement Capability) বা পরিমাপের অনিশ্চয়তা। কোনো ভেন্ডর যদি অলৌকিকভাবে অত্যন্ত কম বা শূন্য অনিশ্চয়তা (Zero Uncertainty) দাবি করে, তবে তা সন্দেহজনক। কারণ বাস্তবসম্মত অনিশ্চয়তা মূলত ল্যাবের পরিবেশ, মেথডলজি এবং টেকনিশিয়ানের দক্ষতার ওপর নির্ভর করে গাণিতিকভাবে বের করতে হয়।

৬.৪ ল্যাবরেটরির পরিবেশগত নিয়ন্ত্রণ (Environmental Control)

একটি সঠিক ল্যাবরেটরিতে তাপমাত্রা, আর্দ্রতা (Humidity), ভাইব্রেশন এবং ধুলাবালি কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হয়। কারণ পরিবেশের সামান্য তারতম্য পরিমাপের রিডিংকে সম্পূর্ণ বদলে দিতে পারে।

৭. "Cheap Calibration" আসলে কতটা ব্যয়বহুল?

শিল্প মালিক বা ব্যবস্থাপকদের একটি বড় ভুল ধারণা হলো- মানসম্পন্ন ক্যালিব্রেশন অত্যন্ত ব্যয়বহুল। কিন্তু গভীর অর্থনৈতিক বিশ্লেষণ দেখা যায়, "সস্তা ক্যালিব্রেশনই আসলে একটি প্রতিষ্ঠানের জন্য সবচেয়ে বেশি ব্যয়বহুল।"

৮. দৈনন্দিন জীবনে নিম্নমূল্যের ও অ-ট্রেসেবল ক্যালিব্রেশনের বাস্তব প্রভাব পর্দার আড়ালে ঘটে যাওয়া একটি ভুল ক্যালিব্রেশন সিদ্ধান্ত কীভাবে চেইন রিঅ্যাকশনের মতো সাধারণ মানুষের জীবনকে বিপর্যস্ত করে, তা নিচের বাস্তব চিত্রগুলো থেকে স্পষ্ট:

স্বাস্থ্যসেবা: লাইফ-সেভিং ইকুইপমেন্টের নীরব ব্যর্থতামান প্রতিযোগিতামূলক ও বাণিজ্যিক বাজারে ক্যালিব্রেশন সেক্টর একটি বড় ধরনের নৈতিক ও কাঠামোগত সংকটের মুখোমুখি, যাকে বলা যায় "Price Over Quality Syndrome"।

দুর্ভাগ্যবশত, অনেক প্রতিষ্ঠানের কাছে ক্যালিব্রেশন কোনো কারিগরি বাধ্যবাধকতা বা কোয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যম নয়, বরং তারা এটিকে মনে করে কেবলই একটি "Audit Document Requirement"। অডিটরকে দেখানোর জন্য একটি কাগজ দরকার-ব্যস! এই সংকীর্ণ মানসিকতা থেকেই জন্ম নিয়েছে একটি ভয়ঙ্কর প্রাতিষ্ঠানিক ব্যাধি: "Paper Calibration Culture"।

- **ভুল ব্লাড সুগার রিডিং:** একজন ইনসুলিন-নির্ভর ডায়াবেটিক রোগীর রক্তের প্রকৃত শর্করা 240mg/dL। কিন্তু ডায়াগনস্টিক সেন্টারের নন-ক্যালিব্রেটেড অ্যানালাইজার রেজাল্ট দেখালো 110mg/dL। ডাক্তার রিপোর্ট দেখে ইনসুলিনের ডোজ কমিয়ে দিলেন। ফলাফলরোগী হাইপারগ্লাইসেমিক কোমায় চলে গেলেন।
- **অপূর্ণ স্টেরিলাইজেশন:** হাসপাতালের অটোক্লেভ মেশিনের তাপমাত্রা সেন্সর ত্রুটিপূর্ণ। ডিসপ্লেতে ১২১°C দেখালেও বাস্তবে তাপমাত্রা ছিল মাত্র ১১১°C। ফলে সার্জিক্যাল যন্ত্রপাতিগুলো জীবাণুমুক্ত হলো না। অপারেশনের পর শত

শত রোগী পোস্ট-অপারেটিভ ইনফেকশনের শিকার হলেন, অথচ কেউ জানলোই না এর মূলে ছিল সস্তা ক্যালিব্রেশন।

জ্বালানি ও বাজার ব্যবস্থা: অদৃশ্য পকেটমারি

পেট্রোল পাম্পের ডিসপেনসার কিংবা রান্নার এলপিজি সিলিন্ডার ফিলিং স্কেলের ত্রুটিপূর্ণ ক্যালিব্রেশনের কারণে প্রতি লিটারে বা কেজিতে গ্রাহক যদি সামান্য পণ্যও কম পান, তবে দেশজুড়ে সামষ্টিক অর্থনীতিতে প্রতিদিন কোটি কোটি টাকার পরিমাপগত অন্যায় ও ভোক্তা অধিকার হরণ ঘটে।

নির্মাণ খাত ও গণপরিবহন নিরাপত্তা

বিল্ডিং ম্যাটেরিয়ালস টেস্ট করার ইউনিভার্সাল টেস্টিং মেশিন (UTM) যদি ভুল রিডিং দেয়, তবে দুর্বল রড বা কংক্রিটও পাস পেয়ে যায়। বহুতল ভবন বা সেতু উদ্বোধনের কয়েক বছর পর ধসে পড়ার পেছনে এই ত্রুটিপূর্ণ পরিমাপই দায়ী থাকে। একইভাবে গাড়ির ব্রেক টেস্টার বা স্পিড মিটার ভুল থাকলে সড়কে প্রাণহানি অবধারিত।

ভবিষ্যৎ প্রবণতা: এ্যাক্রেডিটেশন ও ক্যালিব্রেশনের স্মার্ট রূপান্তর

চতুর্থ শিল্প বিপ্লব (4IR) এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ছোঁয়ায় বিশ্বব্যাপী পরিমাপ বিজ্ঞান ও এ্যাক্রেডিটেশন ব্যবস্থায় আমূল পরিবর্তন আসছে। বাংলাদেশকে গ্লোবাল সাপ্লাই চেইনে টিকিয়ে রাখতে এই প্রযুক্তিগুলো দ্রুত গ্রহণ করতে হবে:

- Digital Calibration Certificate (DCC): কাগজের সার্টিফিকেটের অবসান ঘটিয়ে আসছে ক্রিপ্টোগ্রাফিক্যালি সুরক্ষিত, মেশিন-রিডেবল ডিজিটাল সার্টিফিকেট।
- AI-based Uncertainty Analysis: কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং-এর মাধ্যমে জটিল পরিমাপের রিয়েল-টাইম অনিশ্চয়তা নির্ণয়।
- Remote/Cloud Calibration: আইওটি (IoT) প্রযুক্তির মাধ্যমে দূরবর্তী কারখানা থেকে সরাসরি ক্লাউড বেসড ক্যালিব্রেশন মনিটরিং।
- Blockchain Traceability: পরিমাপের ডেটা যেন কেউ ম্যানিপুলেট বা হ্যাক করতে না পারে, সেজন্য ব্লকচেইন প্রযুক্তির ব্যবহার।

উপসংহার ও আমাদের করণীয়

এ্যাক্রেডিটেশন এবং ক্যালিব্রেশন কোনো ঐচ্ছিক বিষয় বা অডিট পাস করার সস্তা কৌশল নয়; এটি একটি আধুনিক সভ্য রাষ্ট্র, শিল্প ব্যবস্থা এবং নিরাপদ সমাজের আস্থা ও বিশ্বাসের প্রাতিষ্ঠানিক অবয়ব।

একটি নামমাত্র মূল্যের ভুয়া ক্যালিব্রেশন সার্টিফিকেট হয়তো সাময়িকভাবে অডিটরকে সন্তুষ্ট করতে পারে, কিন্তু কেবল একটি কারিগরিভাবে দক্ষ, ট্রেসেবল এবং এ্যাক্রেডিটেড ক্যালিব্রেশনই নিশ্চিত করতে পারে সামগ্রিক জননিরাপত্তা, শিল্পের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা এবং টেকসই অর্থনৈতিক স্থিতিশীলতা।

বিশ্ব এ্যাক্রেডিটেশন দিবসে আমাদের জাতীয় শপথ হওয়া উচিত-আমাদের করপোরেট ও শিল্প মানসিকতা পরিবর্তন করা:

- **বর্জন করি:** "সবচেয়ে কম দামে, ল্যাবে না নিয়ে শুধু কাগজের সার্টিফিকেট কে দিচ্ছে?"-এই ধ্বংসাত্মক মানসিকতা।
- **স্বাগতম জানাই:** "কারা আন্তর্জাতিক মানদন্ড মেনে, মেথড ভ্যালিডেশন করে প্রকৃত মেট্রোলজিক্যাল ট্রেসেবিলিটি নিশ্চিত করছে?"-এই দূরদর্শী দৃষ্টিভঙ্গি।

কারণ, সস্তা ও ভুল ক্যালিব্রেশনের আপাতদৃষ্টিতে বেঁচে যাওয়া সামান্য অর্থে বিপরীতে যে বিপুল দীর্ঘমেয়াদী খেসারত তৈরি হয়, দিনশেষে তার চরম মূল্য এই সমাজ, শিল্প এবং আমাদের রাষ্ট্রকেই দিতে হয়।

পরিমাপ হোক নির্ভুল, টেকসই হোক দেশের উন্নয়ন!

MOHAMMED ABBAS ALAM
Deputy Director
Bangladesh Accreditation Board (BAB)
abbasacctdu@yahoo.com

Method Validation, Verification, Traceability, Internal and External Quality Control for Testing and Calibration Laboratory

For a **testing or calibration laboratory**, the concepts of **method validation**, **method verification, traceability, internal quality control (IQC), and external quality control (EQC)** are fundamental requirements according to standard ISO/IEC 17025: General requirements for the competence of testing and calibration laboratories including sampling.

According to ISO/IEC 17025:2017 Clause-7.2 mentioned the selection, verification and validation of methods

In selection of methods; the methods normally used are Standard Method, Non-standard methods, Laboratory-developed methods or In-house methods, modified standard methods, Standard methods used outside their intended scope.

Method Verification is confirmation that a **standard method** is fit for purpose under the laboratory's own conditions.

Method Verification is required for adopting internationally recognized standard methods without modification

Characteristics performance needs to perform for method verification are:

- Performing known reference samples
- Checking precision
- Checking accuracy
- Demonstrating competence of analysts
- Confirming equipment suitability

A laboratory adopts an ASTM, ISO, AATCC, EN, DIN without any change in the test method. Instead of full validation, the laboratory verifies that it can achieve the performance that claimed in the standard.

Challenge is when we asked laboratory to show the method verification records then laboratory personnel try to kept silent like that, they don't know anything about it. During the estimation of Uncertainty of Measurement of test or calibration result the laboratory personnel use the data from Repeatability, Reproducibility, Linearity, External Quality Control data, Calibration Certificate data etc. But the laboratories are capricious to maintain the records of verifications.

Method Validation: Method validation is the process of demonstrating that a test or calibration method is fit for its intended use.

Method Validation is typically required for non-standard methods, laboratory-developed methods, modified standard methods, standard methods used outside their intended scope

Performance characteristics normally need to perform as a part of method validation:

For testing laboratories:

- Accuracy (trueness)
- Precision (repeatability and reproducibility)
- Specificity/selectivity
- Linearity
- Range
- Detection limit (LOD)
- Quantification limit (LOQ)
- Robustness
- Measurement uncertainty

For calibration laboratories:

- Accuracy (trueness)
- Precision (repeatability and reproducibility)
- Measurement uncertainty
- Stability
- Repeatability

A laboratory develops its own procedure for measuring heavy metals in water. The laboratory must validate the method before reporting results.

Difference Between Validation and Verification

Validation	Verification
Proves a method is fit for purpose	Confirms a standard method works in the laboratory as per specified requirements
Usually, extensive	Usually limited
For non-standard or modified methods	For standard methods
Establishes performance characteristics	Confirms expected performance

According to Clause-6.5 of ISO/IEC 17025: Metrological Traceability is the property whereby a measurement result can be related to a reference through an unbroken chain of calibrations, each contributing to measurement uncertainty.

The laboratory shall ensure that measurement results are traceable to the International System of Units (SI) through:

a) Calibration provided by a competent laboratory; where competent means laboratories fulfilling the requirements of this document are considered to be competent.

b) Certified values of certified reference materials provided by a competent producer with stated metrological traceability to the SI; Reference material producers fulfilling the requirements of ISO 17034 are considered to be competent.

c) Direct realization of the SI units ensured by comparison, directly or indirectly, with national or international standards.

d) When metrological traceability to the SI units is not technically possible, the laboratory shall demonstrate metrological traceability to an appropriate reference, e.g.:

e) Certified values of certified reference materials provided by a competent producer;

f) Results of reference measurement procedures, specified methods or consensus standards that are clearly described and accepted as providing measurement results fit for their intended use and ensured by suitable comparison.

Purpose of Traceability to ensures:

- Comparability of results
- Reliability of measurements
- International acceptance of results

Traceability Chain

Measurement Result
↓
Working Instrument
↓
Reference Standard
↓
National Standard
↓
International Standard (SI Units)

Traceability requirements are as follows:

- Calibrated equipment
- Documented calibration records
- Known measurement uncertainty
- Competent calibration providers

A balance used in a laboratory is calibrated against certified weights that are traceable to the International System of U nits (SI) kilogram through national metrology institutes.

Internal Quality Control (IQC) consists of routine procedures used within the laboratory to continuously monitor the validity of results.

The objectives of IQC are

- To detect errors quickly
- To monitor analytical performance
- To ensure consistency of results

Common IQC Activities for Testing Laboratories are

- Control samples
- Reference materials
- Blank samples
- Duplicate testing
- Spike recovery tests
- Control charts

For Calibration Laboratories

- Check standards
- Intermediate checks
- Repeat calibrations
- Control charts
- Environmental monitoring

A laboratory analyzes a certified reference material every day and plots the results on a control chart.

Common Control Charts are Levey–Jennings chart, Shewhart chart, Cusum chart etc.

External Quality Control (EQC) involves independent assessment of laboratory performance by an outside organization such as **Proficiency Testing (PT) where** the same sample analyze by multiple laboratories & compare results and Interlaboratory **Comparisons (ILC) where** the same measurement performs by two or more laboratories and compare the results.

The objectives of EQC and IQC are

- To demonstrate competence
- To compare performance with peers
- To identify systematic errors
- To meet accreditation requirements

A water testing laboratory participates in a proficiency testing scheme for heavy metals and receives a performance score based on comparison with other laboratories.

All above mentioned activities are performed because these activities provide confidence that laboratory results are **accurate, reliable, comparable, and technically valid.**

মোহাঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড, শিল্প মন্ত্রণালয়

হালাল খাদ্যের বৈশ্বিক প্রেক্ষাপট, হালাল বিজ্ঞান, অর্থনীতি এবং বাংলাদেশের সম্ভাবনা

১. ভূমিকা

হালাল খাদ্য আজ আর শুধু ধর্মীয় অনুশাসনের বিষয় নয়; এটি বিশ্বব্যাপী একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক, বাণিজ্যিক এবং মান নির্ভর শিল্পখাতে পরিণত হয়েছে। স্বাস্থ্য, নিরাপত্তা, পরিচ্ছন্নতা এবং নৈতিক উৎপাদন ব্যবস্থার কারণে হালাল খাদ্য মুসলিম ও অমুসলিম–উভয় ভোক্তার কাছেই ক্রমবর্ধমান জনপ্রিয়তা পেয়েছে।

বর্তমানে বৈশ্বিক হালাল খাদ্য বাজারের মূল্য ২.৫ ট্রিলিয়ন মার্কিন ডলারেরও বেশি এবং বিভিন্ন আন্তর্জাতিক গবেষণা অনুযায়ী আগামী দশকে এটি প্রায় ৬ ট্রিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। বিশ্বের মোট জনসংখ্যার প্রায় এক-চতুর্থাংশ, অর্থাৎ ২ বিলিয়নেরও বেশি মানুষ মুসলিম হওয়ায় এই বাজারের বিস্তৃতি ও সম্ভাবনা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

২. হালাল খাদ্যের বৈশ্বিক প্রেক্ষাপট

২.১ বৈশ্বিক বাজারের সম্প্রসারণ

বিশ্বব্যাপী মুসলিম জনগোষ্ঠীর ক্রয়ক্ষমতা বৃদ্ধি, স্বাস্থ্যসচেতনতা এবং নিরাপদ খাদ্যের চাহিদা বৃদ্ধির ফলে হালাল খাদ্য শিল্প দ্রুত বিকশিত হচ্ছে।

হালাল খাদ্য বর্তমানে শুধু মুসলিম দেশেই সীমাবদ্ধ নয়; বরং ইউরোপ, উত্তর আমেরিকা, অস্ট্রেলিয়া এবং পূর্ব এশিয়ার দেশগুলোতেও ব্যাপকভাবে গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে।

অমুসলিম ভোক্তাদের আগ্রহের কারণ

- স্বাস্থ্যসম্মত উৎপাদন ব্যবস্থা
- উচ্চমানের পরিচ্ছন্নতা ও নিরাপত্তা
- ডকুমেন্টের ট্রেসেবিলিটি ও মান নিয়ন্ত্রণ
- নৈতিক উৎপাদন ও প্রাণিকল্যাণ বিধি বিধান নিশ্চিতকরণ

হালাল খাদ্যের প্রধান উৎসসমূহ

১. উদ্ভিজ্জ উৎস

যেসব উদ্ভিদে মাদক, বিষাক্ত বা ক্ষতিকর উপাদান নেই, সেগুলো সাধারণভাবে হালাল হিসেবে বিবেচিত।

২. প্রাণীজ উৎস

নির্দিষ্ট তৃণভোজী প্রাণী যেমন–

- গরু
- ছাগল
- ভেড়া
- উট
- মহিষ
- মুরগি

সংশ্লিষ্ট ইসলামী বিধি বিধান ইসলামী শরিয়াহ অনুযায়ী জবেহ করা হলে হালাল হিসেবে গণ্য হয়।

৩. খনিজ ও রাসায়নিক উৎস

যেসব খনিজ বা রাসায়নিক পদার্থ মানবদেহের জন্য ক্ষতিকর নয় এবং হারাম উৎস থেকে প্রাপ্ত নয়, সেগুলো হালাল।

৪. হালাল বিজ্ঞান (Halal Science)

আধুনিক খাদ্যবিজ্ঞান হালাল ধারণাকে নতুন মাত্রা দিয়েছে। বর্তমানে হালাল মূল্যায়ন শুধু ধর্মীয় দৃষ্টিকোণেই নয়, বৈজ্ঞানিক বিশ্লেষণ ও পরীক্ষার মাধ্যমেও নিশ্চিত করা হয়।

৪.১ ইসলামী জবেহ পদ্ধতির বৈজ্ঞানিক ভিত্তি

ইসলামী জবেহ পদ্ধতি বা জাবিহা (Zabiha) বিশ্বের অন্যতম স্বাস্থ্যসম্মত জবেহ পদ্ধতি হিসেবে বিবেচিত।

জবেহের সময় যা করা হয়

- শ্বাসনালী (Trachea) কাটা হয়
- খাদ্যনালী (Esophagus) কাটা হয়

- দুই পাশের জুগুলার ভেইন (Jugular Veins) কাটা হয়
- ক্যারোটিড ধমনী (Carotid Arteries) কাটা হয়
- স্পাইনাল কর্ড অক্ষত রাখা হয়

বৈজ্ঞানিক সুবিধা

স্পাইনাল কর্ড অক্ষত থাকায় হৃদপিণ্ড কিছু সময় কার্যকরভাবে রক্ত পাম্প করতে থাকে। ফলে শরীর থেকে অধিকাংশ রক্ত বের হয়ে যায়। এর ফলে—

- মাংসে জীবাণুর বৃদ্ধি কম হয়
- মাংস দীর্ঘ সময় সতেজ থাকে
- রক্তবাহিত দূষক উপাদান কমে যায়
- সংরক্ষণ ক্ষমতা বৃদ্ধি পায়

৪.২ জেলাটিন, এনজাইম ও লুকায়িত উপাদান

আধুনিক খাদ্য শিল্পে অনেক উপাদান সরাসরি দৃশ্যমান নয়, যেগুলোকে "Hidden Ingredients" বলা হয়।

জেলাটিন (Gelatin)

জেলাটিন সাধারণত—

- জেলি
- ক্যাপসুল
- দই
- আইসক্রিম ইত্যাদিতে ব্যবহৃত হয়।

বিশ্ববাজারে উৎপাদিত জেলাটিনের একটি বড় অংশ শুকরের চামড়া থেকে তৈরি হয়, যা ইসলামী শরিয়াহ অনুযায়ী হারাম।

বর্তমানে PCR (Polymerase Chain Reaction) প্রযুক্তির মাধ্যমে জেলাটিনের উৎস নির্ধারণ করা সম্ভব।

ইমালসিফায়ার (E-Codes)

অনেক খাদ্যপণ্যে ব্যবহৃত E471, E472 ইত্যাদি ইমালসিফায়ার প্রাণীজ বা উদ্ভিজ্জ চর্বি থেকে আসতে পারে।

ল্যাবরেটরি বিশ্লেষণ ছাড়া এসব উপাদানের প্রকৃত উৎস নির্ধারণ করা কঠিন।

৪.৩ ইথানল ও ফার্মেন্টেশন

প্রাকৃতিক গাঁজন প্রক্রিয়ায় অনেক খাদ্যে অল্পমাত্রায় ইথানল উৎপন্ন হতে পারে।

আন্তর্জাতিক হালাল মানদণ্ড অনুযায়ী—

- প্রাকৃতিকভাবে উৎপন্ন সামান্য ইথানল
- যা নেশা সৃষ্টি করে না

তা নির্দিষ্ট সীমার মধ্যে গ্রহণযোগ্য হতে পারে।

তবে বাইরে থেকে এ্যালকোহল সংযোজন করা হলে তা হালাল হিসেবে গ্রহণযোগ্য নয়।

৫. হালাল খাদ্যের বিশ্ব অর্থনীতি

৫.১ বাজারের আকার

বিশ্বব্যাপী মুসলিম ভোক্তারা খাদ্য ও পানীয় খাতে প্রতিবছর বিপুল পরিমাণ অর্থ ব্যয় করছেন।

বিভিন্ন আন্তর্জাতিক প্রতিবেদনের তথ্য অনুযায়ী—

- মুসলিমদের খাদ্য ও পানীয় ব্যয় ১.৩ ট্রিলিয়ন মার্কিন ডলারেরও বেশি।
- আগামী কয়েক বছরে এটি ১.৬৭ ট্রিলিয়ন ডলার অতিক্রম করতে পারে।

৫.২ প্রধান রপ্তানিকারক ও আমদানিকারক দেশ

শীর্ষ রপ্তানিকারক দেশ

মজার বিষয় হলো, অনেক অমুসলিম দেশও হালাল খাদ্য উৎপাদন ও রপ্তানিতে বিশ্বে নেতৃত্ব দিচ্ছে।

এর মধ্যে উল্লেখযোগ্য—

- Brazil
- Australia
- India
- United States

শীর্ষ আমদানিকারক দেশ

- Saudi Arabia
- United Arab Emirates
- Indonesia
- Egypt

৬. হালাল ইকোসিস্টেমের সম্প্রসারণ

হালাল ধারণা এখন খাদ্যের গণ্ডি ছাড়িয়ে একটি পূর্ণাঙ্গ অর্থনৈতিক ব্যবস্থায় পরিণত হয়েছে।

৬.১ হালাল ফার্মাসিউটিক্যালস ও কসমেটিকস

হালাল ওষুধ এবং প্রসাধনী সামগ্রীর বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে। উৎপাদনে ব্যবহৃত প্রতিটি উপাদান ও প্রক্রিয়া শরিয়াহসম্মত হওয়া নিশ্চিত করা হয়।

৬.২ হালাল পর্যটন

মুসলিম পর্যটকদের জন্য বর্তমানে বিশ্বজুড়ে—

- হালাল হোটেল
- হালাল রিসোর্ট
- মুসলিমবান্ধব পর্যটন প্যাকেজ উন্নয়ন করা হচ্ছে।

৬.৩ ইসলামিক ফাইন্যান্স

শরিয়াহভিত্তিক ব্যাংকিং ও আর্থিক ব্যবস্থা হালাল অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ অংশে পরিণত হয়েছে।

৭. বাংলাদেশ প্রেক্ষাপট: অর্থনীতি ও বাণিজ্য

বাংলাদেশ একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ হওয়ায় অভ্যন্তরীণ বাজারে হালাল পণ্যের ব্যাপক চাহিদা বিদ্যমান।

বাংলাদেশের জন্য একটি উল্লেখযোগ্য অর্জন হলো বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) ২০২৫ সালে Islamic Forum for Halal Accreditation Bodies (IFHAB)-এর পূর্ণ সদস্যপদ অর্জন।

এছাড়া Bangladesh Accreditation Board (BAB)-এর মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন হালাল এ্যাক্রেডিটেশন অবকাঠামো গড়ে তোলার উদ্যোগ দেশের রপ্তানি সক্ষমতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

৭.১ বাংলাদেশের রপ্তানি সম্ভাবনা

বাংলাদেশ বর্তমানে নিম্নোক্ত পণ্য রপ্তানি করছে—

- বিস্কুট
- চানাচুর
- ফলের রস
- মসলা
- সুগন্ধি চাল
- ফ্রোজেন স্ন্যাকস

প্রক্রিয়াজাত খাদ্য খাতে বাংলাদেশের রপ্তানি ইতোমধ্যে বিশ্বের ১৪৫টিরও বেশি দেশে পৌঁছেছে।

উল্লেখযোগ্য প্রতিষ্ঠান

- PRAN-RFL Group
- Square Group
- Akij Group
- Ahmed Food Products

৭.২ মাংস রপ্তানির চ্যালেঞ্জ

বাংলাদেশে মাংস উৎপাদনের সম্ভাবনা থাকলেও আন্তর্জাতিক বাজারে প্রবেশের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতা রয়েছে।

বিশেষ করে—

- Foot and Mouth Disease (FMD)
- আন্তর্জাতিক স্বাস্থ্য সনদ
- ট্রেসেবিলিটি ব্যবস্থা
- আধুনিক জবেহখানা ও কোল্ড চেইন অবকাঠামো

এসব ক্ষেত্রে উন্নয়ন প্রয়োজন।

৮. মালয়েশিয়ার হালাল সার্টিফিকেশন মডেল

Malaysia বর্তমানে বিশ্বের অন্যতম সফল ও গ্রহণযোগ্য হালাল ব্যবস্থাপনা কাঠামোর অধিকারী।

এর কেন্দ্রীয় নিয়ন্ত্রক সংস্থা হলো Department of Islamic Development Malaysia (JAKIM)।

JAKIM-এর প্রধান দায়িত্ব

- হালাল সার্টিফিকেশন প্রদান
- হালাল নীতি প্রণয়ন
- আন্তর্জাতিক স্বীকৃতি ব্যবস্থাপনা
- বিদেশি হালাল সার্টিফিকেশন সংস্থার মূল্যায়ন

৮.১ মালয়েশিয়ার হালাল কমিটির গঠন

হালাল কমিটিতে সাধারণত অন্তর্ভুক্ত থাকেন—

- শরিয়াহ বিশেষজ্ঞ
- খাদ্য প্রযুক্তিবিদ
- ভেটেরিনারি বিশেষজ্ঞ
- কেমিস্ট
- ল্যাবরেটরি বিশেষজ্ঞ
- স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মকর্তা
- শিল্প ও উৎপাদন বিশেষজ্ঞ

৮.২ প্রধান কার্যক্রম

হালাল যাচাই

- কাঁচামাল মূল্যায়ন
- সরবরাহ শৃঙ্খল পর্যালোচনা
- হারাম উপাদান শনাক্তকরণ

অডিট কার্যক্রম

- কারখানা পরিদর্শন
- স্বাস্থ্যবিধি মূল্যায়ন
- ডকুমেন্ট যাচাই

শরীয়াহ সিদ্ধান্ত

- জটিল উপাদানের শরিয়াহ বিশ্লেষণ
- নতুন খাদ্য প্রযুক্তির মূল্যায়ন

৮.৩ আন্তর্জাতিক সহযোগিতা

- মালয়েশিয়া আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় করে কাজ করে, যেমন–
- Islamic Forum for Halal Accreditation Bodies (IFHAB)
- Standards and Metrology Institute for Islamic Countries (SMIIC)

৯. MS 1500:2019 – মালয়েশিয়ার হালাল মানদণ্ড

MS 1500:2019 হলো মালয়েশিয়ার জাতীয় হালাল খাদ্য মানদণ্ড।

এই মানদণ্ডে অন্তর্ভুক্ত রয়েছে–

- খাদ্য উৎপাদন
- প্রক্রিয়াজাতকরণ
- সংরক্ষণ
- পরিবহন
- বিতরণ ব্যবস্থা

এর মূল বৈশিষ্ট্য হলো বিজ্ঞান ও শরিয়াহর সমন্বিত প্রয়োগ।

১০. বাংলাদেশের জন্য করণীয় ও সম্ভাবনা

বাংলাদেশ যদি মালয়েশিয়ার সফল মডেল অনুসরণ করে, তবে বৈশ্বিক হালাল বাজারে একটি শক্তিশালী অবস্থান তৈরি করা সম্ভব হবে।

প্রয়োজন–

১. আন্তর্জাতিক মানসম্পন্ন হালাল এ্যাক্রেডিটেশন ব্যবস্থা প্রতিষ্ঠা।

২. আধুনিক হালাল পরীক্ষাগার ও গবেষণা সক্ষমতা বৃদ্ধি।

৩. রপ্তানিমুখী হালাল শিল্প উন্নয়ন।

৪. আন্তর্জাতিক হালাল স্বীকৃতি অর্জন।

৫. সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে হালাল ইকোসিস্টেম গঠন।

৬. বিএবি'র সক্ষমতা বৃদ্ধি ও আন্তর্জাতিক সহযোগিতা সম্প্রসারণ।

উপসংহার

হালাল খাদ্য বর্তমানে একটি বৈশ্বিক অর্থনৈতিক শক্তিতে পরিণত হয়েছে। এটি শুধু ধর্মীয় বিধান নয়; বরং স্বাস্থ্য, নিরাপত্তা, নৈতিকতা এবং আন্তর্জাতিক বাণিজ্যের একটি গুরুত্বপূর্ণ মানদণ্ড। বাংলাদেশের জন্য হালাল শিল্প একটি সম্ভাবনাময় রপ্তানি খাত। আন্তর্জাতিক মানসম্পন্ন এ্যাক্রেডিটেশন, শক্তিশালী নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য হালাল গুণগত মান ব্যবস্থাপনার মডেল অনুসরণের মাধ্যমে বাংলাদেশ বৈশ্বিক হালাল অর্থনীতিতে একটি গুরুত্বপূর্ণ অবস্থান অর্জন করতে পারে।

Special Thanks

Lub-rref (Bangladesh) PLC is considered to be the most trusted & reliable national lubricants manufacturer and supplier of quality lubricants products and BAB accredited testing facilities for Lubricating oil, IFO, HFO, Transformer oil in the Country, which facilitates and adds considerable value to its business processes in providing consistently high-quality products and testing service as per international standards in the local market at a competitive price.

BMTL Bangladesh™ Material Testing Laboratory Limited
ASSURING QUALITY & ACCURACY

"Your one-stop destination for complete materials testing services in Bangladesh."

CS LAB LIMITED

CS Lab Limited delivers quality-driven, BAB accredited ISO/IEC 17025:2017 Calibration Services and ISO/IEC 17020:2012 accredited Inspection Services. CS Lab specializes in comprehensive Calibration metrology, Cleanroom-HVAC inspection and thermal mapping tailored for the pharmaceutical, Medical healthcare various Industrial sectors. Utilizing state-of-the-art reference standards, the laboratory ensures strict measurement traceability and seamless regulatory compliance.

ACI Foods Ltd. is certified to ISO 22000:2018 (Food Safety Management System) and has BAB accredited testing laboratory against ISO/IEC 17025:2017. All production processes and laboratory testing are conducted in compliance with HACCP, GMP, and ISO/IEC 17025 requirements.

ACI Foods Laboratory is enlisted in the Bangladesh Food Safety Authority (BFSA) laboratory information repository and ensures food safety through physical, chemical, and microbiological testing performed by qualified Food , Microbiologist and Chemical technologists.

CIC® CONTINENTAL
Inspection co.(BD) Ltd.
WWW.Continentalinspectionco.com

Continental Inspection Co. (BD) Ltd. is an internationally reputed inspection and testing organization committed to providing reliable and high-quality services. The company offers inspection services covering quality, quantity, packing, marking, and loading supervision, and is accredited by the Bangladesh Accreditation Board (BAB) under ISO/IEC 17020:2012. In addition, its state-of-the-art testing laboratory provides internationally recognized testing services for fertilizers, chemicals, food items, and other products, with BAB accreditation under ISO/IEC 17025:2017. Through its professional expertise and adherence to international standards, Continental Inspection Co. (BD) Ltd. ensures accuracy, integrity, and customer satisfaction in all its services.

SEVEN RINGS CEMENT

With 37 years of legacy, Seven Circle (Bangladesh) Limited (Seven Rings Cement) — owned by Hong Kong's Shun Shing Group—stands as Bangladesh's leading cement brand, operating three factories with a total annual capacity of 8.4 million tons. At the heart of its quality assurance is a state-of-the-art, ISO/IEC 17025:2017 accredited testing laboratory (BAB certified), where cement samples are tested every hour and regularly cross-checked with BUET for uncompromised standards. This lab-enabled precision, combined with German-engineered LOESCHE VRM plants and real-time CCR monitoring, ensures the production of the strongest and most consistent cement. Beyond its own brand, the company leverages 36 years of raw material trading expertise through Cemcoa Limited to supply top-tier clinker to cement manufacturers globally. Certified under ISO 9001:2015 and ISO 14001:2015, Seven Rings Cement exemplifies how accredited laboratories drive innovation, quality, and environmental responsibility in Bangladesh's cement industry.

International Accreditation Forum, Inc. (IAF)

Memorandum of Understanding

Be it known that

Bangladesh Accreditation Board (BAB)

has been accepted as an

Accreditation Body Member

of the

International Accreditation Forum, Inc.

(Member since 29 September 2025)

The Member on behalf of which this sheet is signed commits itself to comply with the Objectives of IAF as set out in Section 2 of the IAF MoU, to abide by the obligations set out in Section 4 of the IAF MoU, and to abide by the requirements of the IAF Bylaws.

A. Islam
09.10.25

Mohd. Aminul Islam
Director General
Bangladesh Accreditation Board
DATE: 09 October 2025

Emanuele Riva
Chair
International Accreditation Forum, Inc.
DATE: 09 October 2025

BAB achieved full membership of International Accreditation Forum (IAF) on 09 October 2025.

Director General, BAB is seen with the Director General of IFHAB and Secretary General of OIC SMIIC along with other international delegates in the occasion obtaining full membership of IFHAB (2025), Kingdom of Saudi Arabia.

Mr. Mohd. Aminul Islam, Director General, BAB along With other officers visited the ITS Labtest Bangladesh Ltd., Chattogram laboratory on 21 April 2026.

Mr. Mohd. Aminul Islam, Director General, BAB along With other officers visited the Lube Oil Blending Plant (LOBP) of MJL Bangladesh PLC. (MJLBPLC). On April 23, 2026.

Mr. Mohd. Aminul Islam, Director General, BAB visited the Bureau Veritas Consumer Products Services (Chattogram) Ltd. laboratory on 22 April 2026.

Participants and the resource persons of the 62nd Understanding Training Course on ISO/IEC 17025:2017 along with Director General of Bangladesh Accreditation Board (BAB) Mr. Mohd. Aminul Islam held at NPO Seminar Hall from 17-19 November 2025.

Md. Obaidur Rahman, Secretary of the Ministry of Industries, was present as the chief guest at the workshop titled 'Improving the quality and safety of healthcare through accreditation of medical and diagnostic laboratories' organized by the Bangladesh Accreditation Board (BAB) on 14 May 2026.

WORLD ACCREDITATION DAY

09 JUNE 2026

Spectrum of Accreditation Benefits

Facilitating Global Trade

✓ It works as an economic passport for international trade and facilitates international trade by reducing technical barriers to trade (TBT).

✓ It will work as de-facto for future global trade.

Improving Organizational Efficiency

✓ It can highlight gaps or weaknesses in operational capability.

✓ It provides the opportunity for improving organizational efficiency and outputs.

Gaining Competitive Advantage

✓ It provides independent assurance of technical competence.

✓ It can set you apart from the competition.

✓ It supports the generation of new business and exploiting the potential to open up trade into new markets.

GLOBAL BAB ACCREDITED ACCEPTANCE

Managing Risks and Uncertainties

✓ It acts as an important tool in assessing, identifying and reducing risks & Uncertainties and implementing opportunity for improvements.

Providing Confidence in Supply Chain

✓ It delivers confidence in supply chains and helps meeting acceptance criteria of products and services.

Supporting the Work of Regulators and Public Policy Makers

✓ It reduces uncertainties associated with decisions affecting the protection of human health & safety and the environment.

✓ It eases works of regulators and public policy makers.

✓ It provides confidence in public sector procurement decisions.

✓ It helps government deliver and enforce its policies efficiently.

Why BAB Accreditation?

- BAB accreditation is recognized and accepted globally.
- It ensures trust and credibility among consumers.
- It provides confidence to employees, customers and stakeholders of a commitment to quality, safety and service improvement.
- It enables higher-quality, innovation, productivity and safer economic activity.

Who can apply

- Testing Laboratory (ISO/IEC 17025)
- Calibration Laboratory (ISO/IEC 17025)
- Medical Laboratory (ISO 15189)
- Inspection Body (ISO/IEC 17020)
- Certification Body (ISO/IEC 17021, 17024, 17065)
- HALAL Certification Body (OIC/SMIIC2)

Global ACI APAC

TESTING CALIBRATION MEDICAL INSPECTION MRA MUTUAL RECOGNITION ARRANGEMENT

GLOBAL ACCEPTANCE BAB BANGLADESH ACCREDITATION BOARD

Bangladesh Accreditation Board (BAB)

Ministry of Industries

91, Motijheel C/A, Dhaka-1000, Tel: +88-02-9513221, Email: info@bab.gov.bd

বিএবি'র এ্যাক্রেডিটেশন সেবাসমূহ

টেস্টিং এবং ক্যালিব্রেশন ল্যাবরেটরি
ISO/IEC 17025

পরিদর্শন সংস্থা
ISO/IEC 17020

মেডিকেল ল্যাবরেটরি
ISO 15189

সনদ প্রদানকারী সংস্থা
ISO/IEC 17021, 17024, 17065

Global ACI APAC

Who can apply

- Testing Laboratory (ISO/IEC 17025)
- Calibration Laboratory (ISO/IEC 17025)
- Medical Laboratory (ISO 15189)
- Inspection Body (ISO/IEC 17020)
- Certification Body (ISO/IEC 17021, 17024, 17065)
- HALAL Certification Body (OIC/SMIIC2)

Bangladesh Accreditation Board (BAB)
Ministry of Industries
91, Motijheel C/A, Dhaka-1000, Tel: +88-02-9513221, Email: info@bab.gov.bd